দৈনিক বাংলা

তারিখ 19 FEB 1989
পৃষ্ঠা 5 কলাম 3

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

37

# এইচএসসির উত্তরপত্র পুনঃপরীক্ষা

১৯৮৮ সালে অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীগণ ফলাফল পেয়েছেন। কিন্তু কোন কোন পরীক্ষার্থী কোন কোন বিষয়ে সন্তোষজনক নম্বর পায় নাই। এমন কি কোন কোন পরীক্ষার্থী প্রথম বিভাগের নম্বর পেয়েও ২/১ নম্বরের জন্য ফেল করেছে। যদিও উক্ত পরীক্ষায় ফেল করার কথা ছিল না আবার কোন কোন পরীক্ষার্থী ২/১ নম্বরের জন্য প্রথম বিভাগ পায়নি।

যে সমস্ত পরীক্ষার্থী ফেল করার কথা নয় বা ২/১ নম্বরের জন্য প্রথম বিভাগ পায়নি তারা পরীক্ষার ফলাফল শুনে হতাশ হয়ে পড়ে। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ উত্তরপত্র পুনঃনিরীক্ষণের জন্য পরীক্ষার্থীগণকে আবেদন করার সুযোগ দিয়েছেন। এবং বোর্ড কর্তৃপক্ষের বিজ্ঞপ্তি অনুসারে অনেক পরীক্ষার্থীই উত্তরপত্র পুনঃনিরীক্ষণের জন্য আবেদন করেছে। উত্তরপত্র পুনঃনিরীক্ষণের জন্য আবেদনপত্র দাখিল করার শেষ তারিখ ছিল ১৮-১২-৮৮ প্রায় দুই মাস অতিবাহিত হতে চলেছে। এই পর্যন্ত পরীক্ষার্থীগণ আবেদন পত্রের ভাল-মন্দ কোন ফলাফল পাচ্ছে না। এদিকে ১৯৮৯ সালে অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষার ফরম পূরণ ফেব্রুয়ারী মাসের মাঝামাঝি শুরু হচ্ছে। ফলে উত্তরপত্র পুনঃনিরীক্ষণের জন্য যারা আবেদন করেছে তারা ১৯৮৯ সালে অনুষ্ঠিতব্য পরীক্ষার ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের প্রস্তুতি নিতে পারছে না।

বিষয়টি সহানুভূতির সঙ্গে বিবেচনা করে ১৯৮৯ সালে অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষার ফরম ফিলআপ শুরু করার আগেই জরুরী ভিত্তিতে পত্রের মাধ্যমে এবং দৈনিক পত্রিকার মাধ্যমে উত্তরপত্র পুনঃনিরীক্ষণের ফলাফল প্রকাশ করার জন্য আবেদন জানাচ্ছি।

—আবদুল মালেক

নথখোলা ঘাটে ফেরীর ব্যবস্থা করার দাবী দীর্ঘদিনের। অথচ বাসাইল উপজেলা বহু ব্যাংক শাখা সরকারী আধা-সরকারী ও স্বায়ত্ত শাসিত প্রতিষ্ঠানসহ একটি গুরুত্বপূর্ণ বাণিজ্যিক স্থান। প্রসঙ্গত উল্লেখযোগ্য মহামান্য প্রেসিডেন্ট বাসাইল সফরকালে উক্ত রাস্তাটি পাকা করার নির্দেশ দেন। তার জন্য অর্থ বরাদ্দ হওয়া সত্ত্বেও সংশ্লিষ্ট উপজেলা প্রশাসনের গাফিলতিই কি এর জন্য দায়ী নহেন? এ ব্যাপারে যোগাযোগ মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করি।

—আলহাজ্ব মোঃ নুরু মিয়া
১১৫/৩, নয়া পল্টন, ঢাকা-১০০০।